অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/23/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে 2024 ম্যাপল উইকেন্ডসমূহ ঘোষণা করে ঘোষণাপত্র জারি করলেন

স্থানীয় সুগারহাউজ ভ্রমণ করে স্থানীয় উৎপাদনকারীদের সমর্থন, শিল্পখাত এবং স্থানীয় কৃষি পর্যটনকে বলীয়ান করার জন্য নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করা হচ্ছে

ম্যাপল উৎপাদনের দিক থেকে নিউ ইয়র্ক দেশে দ্বিতীয়; এখানে মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ ট্যাপযোগ্য ম্যাপল গাছের সংস্থান ও 2,000 ম্যাপল সুগার প্রস্তুতকারক রয়েছে

ম্যাপল উইকেন্ড চলাকালে গভর্নর হোকলের পিসফুল ভ্যালি ম্যাপল ফার্ম পরিদর্শনের ছবি এখানে উপলভ্য আছে; ঘোষণাপত্রটি পড়ুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি ঘোষণাপত্র জারি করেছেন যেখানে 16-17 মার্চ এবং 23-24 মার্চকে নিউ ইয়র্ক স্টেটের 2024 ম্যাপল উইকেন্ড হিসেবে ঘোষণা করা হয়েছে। এছাড়াও গভর্নর উল্লেখ করেন যে নিউ ইয়র্কের ম্যাপল উৎপাদনকারীরা ম্যাপল উৎপাদনের ক্ষেত্রে দেশের মধ্যে দ্বিতীয়, এবং পুরো স্টেটে প্রায় 2,000 ম্যাপল সুগার প্রস্তুতকারক রয়েছে। পাশাপাশি, নিউ ইয়র্কে সর্ববৃহৎ ট্যাপযোগ্য ম্যাপল গাছের সংস্থান রয়েছে। গভর্নর হোকল নিউ ইয়র্কের জন্সটাউনের পিসফুল ভ্যালি ম্যাপল ফার্মস (Peaceful Valley Maple Farms) পরিদর্শন করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট ম্যাপল উইকেন্ডে অংশগ্রহণ করেছেন।

"ম্যাপল উইকেন্ডসমূহে এবং পুরো মার্চ মাসে খোলা থাকা কয়েকশত ম্যাপল ফার্মের একটি পরিদর্শন করার মাধ্যমে আমাদের ম্যাপল উৎপাদনকারীদের পরিশ্রমকে স্বীকৃতি দেওয়ার থেকে মিষ্টি আরো কিছুই হতে পারে না," **গভর্নর হোকল বলেন।**"নিউ ইয়র্কের ম্যাপল শিল্পখাত হলো আমাদের অর্থনীতি ও আমাদের কৃষি পর্যটন শিল্পখাতের একটি উল্লেখযোগ্য অংশ।"আমাদের জন্য বিভিন্ন ধরনের ম্যাপল পণ্য নিয়ে আস্তে আমাদের উৎপাদনকারীরা সারা বছর কঠোর পরিশ্রম করে, এবং ম্যাপল সিরাপ তৈরির প্রক্রিয়া সম্পর্কে আরো জানার জন্য নিজেদের স্থানীয় সুগার হাউজ পরিদর্শন এবং তাদের স্থানীয় খামারসমূহকে সমর্থন করার জন্য আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।

2023 সালে, নিউ ইয়র্ক স্টেট 750,000 গ্যালন ম্যাপল উৎপাদন করে এবং নিউ ইয়র্কের ম্যাপল শিল্পখাত 2.5 মিলিয়ন ট্যাপ ব্যবহার করেছে। নিউ ইয়র্ক স্টেটের বাজেটের মাধ্যমে, যেখানে প্রচারণা ও শিক্ষামূলক কর্মসূচির জন্য তহবিল রয়েছে, এবং সেই সাথে কর্নেল ইউনিভার্সিটির

ম্যাপল কর্মসূচির আর্নোট টিচিং ফরেস্টের মতো গবেষণা প্রকল্পের বিনিয়োগের মাধ্যমে, এবং এর NYS গ্রোউন এবং সার্টিফাইড ও টেস্ট NY এর বাজারজাতকরণ কর্মসূচিসমূহের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ (New York State Department of Agriculture and Markets) ম্যাপল শিল্পখাতকে সমর্থন করে।

ম্যাপল উইকেন্ড এবং ম্যাপল মান্থ

প্রতি বছর পুরো মার্চ মাসজুড়ে, এবং বিশেষ করে ম্যাপল উইকেন্ড চলাকালে, স্টেটজুড়ে ম্যাপল ফার্মসমূহ জনগণের জন্য তাদের দুয়ার খুলে দিবে যাতে ঠিক উৎস থেকে নিখাদ ম্যাপল সিরাপের স্বাদ গ্রহণের, এবং নিউ ইয়র্ক স্টেটে ম্যাপল সিরাপ তৈরির অনন্য পারিবারিক ঐতিহ্যের অভিজ্ঞতা গ্রহণের একটি সুযোগ প্রদান করা যায়। NYS গ্রোউন অ্যান্ড সার্টিফাইডের অনেক উৎপাদনকারীগণ ট্যুর এবং প্যানকেক ব্রেকফাস্ট অফার করে, ম্যাপল পণ্য বিক্রি করে এবং সিরাপ তৈরির প্রক্রিয়া প্রদর্শন করে যার মধ্যে রয়েছে গাছে বালতি ঝুলিয়ে রাখার ঐতিহ্যগত পদ্ধতি বা ভ্যাকুয়াম পদ্ধতি ব্যবহার করে গাছ প্রতি রসের ফলন বাড়ানোর আরো অত্যাধুনিক পদ্ধতি। প্রায় 200 ম্যাপল সুগার প্রস্তুতকারকের খামারে 2024 সালের ম্যাপল উইকেন্ডসমূহ অনুষ্ঠিত হচ্ছে, যা পুরো নিউ ইয়র্ক স্টেটের কৃষি পর্যটনকে বলীয়ান করবে। ম্যাপল উইকেন্ড ইভেন্টসমূহের একটি অনুসন্ধানযোগ্য তালিকা এখানে উপলভ্য আছে।

90 এর বেশি ম্যাপল উৎপাদনকারী NYS গ্রোউন এবং সার্টিফাইডে (NYS Grown & Certified) অংশগ্রহণ করে, যা খাদ্য নিরাপত্তা ও পরিবেশগতভাবে টেকসই হওয়ার মানদণ্ড অনুসরণ করা নিউ ইয়র্কের কৃষি উৎপাদনকারীদের এবং চাষীদের যাচাই করে। NYS গ্রোউন এবং সার্টিফাইডের অংশ ম্যাপল উৎপাদনকারীদের একটি বর্তমান তালিকা পাবেন এখানে।

ম্যাপল প্রচারণা

পুরো মার্চ মাসজুড়ে, পুরো নিউ ইয়র্কের টেস্ট NY বাজারসমূহে অনন্য স্থানীয় ম্যাপল পণ্য এবং উৎপাদনকারীর উপর আলোকপাত করছে। বেশ কয়েকটি বাজার হাডসন ভ্যালিতে সমস্ত ম্যাপল এবং ম্যাপল থিমযুক্ত পণ্যগুলোতে 20 শতাংশ ছাড় সহ বিশেষ অফার দিচ্ছে। ক্যাটস্কিলস ওয়েলকাম সেন্টার, ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারে সারা মাস ধরে একটি প্যানকেক ব্রেকফাস্টের বিশেষ, রাজধানী অঞ্চল স্বাগত কেন্দ্রে বিশেষ পণ্য নমুনা এবং আরো অনেক কিছু। টেস্ট NY আয়োজিত বিশেষ ম্যাপল প্রচারণা ও ইভেন্টের পূর্ণাঙ্গ তালিকা দেখার জন্য, এখানে ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি পর্যটন

ম্যাপল উইকেন্ড এবং ম্যাপল মান্থের মতো কৃষি পর্যটন ইভেন্ট হলো নিউ ইয়র্ক স্টেটের পর্যটনের একটি গুরুত্বপূর্ণ অংশ। গভর্নর হোকল সম্প্রতি ঘোষণা করেন যে 2022 সালে নিউ ইয়র্ক স্টেট রেকর্ড পরিমান 291.5 মিলিয়ন পর্যটককে স্বাগত জানিয়েছে, এটি নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে সর্ববৃহৎ সংখ্যক পর্যটক, যা 78.6 বিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ ব্যয় এবং মোট 123 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করে। পুরো নিউ ইয়র্কে ভ্রমণকে উৎসাহিত করার জন্য আই লাভ নিউ ইয়র্ক মার্কেটিং প্রয়াস এবং পর্যটন সম্পর্কিত মার্কেটিং প্রয়াস ও ক্যাপিটাল প্রকল্পের জন্য পর্যটন সংগঠন ও ভেন্যুসমূহের জন্য সরাসরি সমর্থন হিসেবে বহু মিলিয়ন মার্কিন ডলার প্রদানের মাধ্যমে গভর্নর স্টেটের পর্যটনকে সমর্থন করা অব্যাহত রেখেছেন।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমাদের ম্যাপল উৎপাদনকারী এবং নিউ ইয়র্কবাসীর জন্য ম্যাপল উইকেন্ড হলো একটি আকর্ষণীয় সময়, এটি আমাদের উৎপাদনকারীদের ভোক্তাদের সাথে সংযুক্ত হওয়ার এবং তাদের কাছে নিজেদের গল্প, অর্থাৎ কীভাবে তারা ম্যাপল সিরাপ তৈরি করে, কেনো তারা তাদের কাজ ভালোবাসে, এবং আরো অনেক কিছু বলার একটি সুযোগ প্রদান করে। নিজেদের কাছের কেন স্থানীয় চিনি প্রস্তুতকারককে পরিদর্শন করতে এবং নিউ ইয়র্কের মৌসুমের প্রথম কৃষি ফসল ম্যাপল সম্পর্কিত সকল কিছু উদযাপন করতে আমি সকলকে উৎসাহিত করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্কের বিশাল ম্যাপল ফার্ম ও সুগার হাউজের নেটওয়ার্ক হলো স্টেটের কৃষি ও পর্যটন অর্থনীতির জন্য অত্যাবশ্যকীয়। ম্যাপল উৎপাদনের সরাসরি অভিজ্ঞতা গ্রহণ করার জন্য, পুরস্কার বিজয়ী পণ্যের নমুনা পাওয়ার জন্য, এবং পুরো স্টেটে এই গুরুত্বপূর্ণ শিল্পখাতকে সমর্থন করার জন্য ম্যাপল উইকেন্ড বাসিন্দা ও পর্যটকদের একটি দারুণ সুযোগ প্রদান করে।"

নিউ ইয়র্ক ম্যাপল প্রোডিউসার্স অ্যাসোসিয়েশনের (New York Maple Producers' Association) নির্বাহী পরিচালক হেলেন টমাস বলেন, "নিউ ইয়র্কের ম্যাপল উৎপাদনকারীরা ম্যাপল সিরাপ উৎপাদনের প্রক্রিয়াকে উপভোগ করে এবং নিউ ইয়র্কের ম্যাপল উইকেন্ড চলাকালে আপনাদের সাথে এই প্রক্রিয়া ভাগ করে নেওয়ার জন্য তারা আপনাদের আমন্ত্রণ জানাচ্ছে। একটি গাছ ট্যাপ করুন; গাছ থেকে সরাসরি বের হওয়া রসের স্বাদ গ্রহণ করুন; রস জ্বাল হয়ে সিরাপ হওয়ার লোভনীয় ঘ্রাণ গ্রহণ করুন; এবং অবশ্যই তৈরি পণ্যটির স্বাদ গ্রহণ করুন।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন